ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

<u>স-২৮৫২</u>
কৈলাসহর, ১৫ সেপ্টেম্বর, ২০২৫

**পন্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের জন্মজয়ন্তী উপলক্ষে কৈলাসহরে প্রস্তুতি সভা**

পন্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের জন্মজয়ন্তী উপলক্ষে সম্প্রতি পিএমশ্রী আরকেআই বিদ্যালয়ের এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কৈলাসহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা দেবরায়। সভায় সিদ্ধান্ত হয় আগামী ২৬ সেপ্টেম্বর কৈলাসহরের ঊনকোটি কলাক্ষেত্রে পন্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের জন্মজয়ন্তী উদযাপন করা হবে। অনুষ্ঠান উপলক্ষে আলোচনাচক্র, সাংস্কৃতিক অনুষ্ঠানে এবং বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের মধ্যে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের জীবনী বিষয়ে ওপেন ক্যুইজ প্রতিযোগিতার আয়োজন করা হবে। এছাড়াও আগামী ২৪ সেপ্টেম্বর কৈলাসহরের ঊনকোটি কলাক্ষেত্রে বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের মধ্যে বসে আঁকো প্রতিযোগিতার আয়োজন করা হবে। প্রস্তুতি সভায় এছাড়াও উপস্থিত ছিলেন জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের সহ অধিকর্তা বিশ্বজিৎ দেব, জেলা শিক্ষা কার্যালয়ের ওএসডি বেনীমাধব চক্রবর্তী, আরকেআই বিদ্যালয়ের প্রধান শিক্ষক নিতীশ বিশ্বাস সহ ঊনকোটি জেলা সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির সদস্য-সদস্যাগণ।

******